

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের কার্যাবলীঃ

১. (ক) নারী উন্নয়নে জাতীয় নীতি নির্ধারণ;
(খ) শিশুদের জন্য জাতীয় নীতি নির্ধারণ;
২. মহিলা ও শিশুদের উন্নয়ন ও কল্যাণে কর্মসূচী গ্রহণ;
৩. মহিলা ও শিশুদের আইনগত ও সামাজিক অধিকার প্রতিষ্ঠা সংক্রান্ত বিষয়াবলী সম্পাদন ;
৪. মহিলা ও শিশুদের সমস্যাটি চিহ্নিতকরণ এবং সচেতনতা বৃদ্ধির জন্য সংশ্লিষ্ট তথ্যাদির আদান-প্রদান ও প্রচারের ব্যবস্থা গ্রহণ;
৫. মহিলাদের ক্ষমতায়ন ও কর্মসংস্থানের লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ ;
৬. (ক) জাতীয় মহিলা উন্নয়ন পরিষদ সংক্রান্ত কার্যক্রম;
(ক) শিশু বিষয়ক জাতীয় পরিষদ সংক্রান্ত কার্যক্রম;
(খ) মহিলা বিষয়ক অধিদপ্তর এর কার্যক্রম তদারকি করণ ;
(গ) জাতীয় মহিলা সংস্থা এর কার্যক্রম তদারকি করণ ;
৭. বাংলাদেশ শিশু একাডেমী এর কার্যক্রম তদারকি করণ;
৮. WID (Women in Development) ফোকাল পয়েন্টস এর মাধ্যমে ডওউ বিষয়ক বিভিন্ন মন্ত্রণালয়ের কার্যক্রম সমন্বয় সাধন ও পরিবীক্ষণকরণ;
৯. নারী উন্নয়নের বিষয়ে অবদান রাখার জন্য নারী উন্নয়ন মূলক সংগঠন ও সুশীল সমাজকে উৎসাহ প্রদান ও তাদের সাথে যোগাযোগ রক্ষাকরণ ;
১০. সকল স্বেচ্ছাসেবী মহিলা সংগঠন নিবন্ধন ও নিয়ন্ত্রণের ব্যবস্থা গ্রহণ;
১১. (ক) মহিলা ও শিশুদের বিরুদ্ধে সহিংসতা রোধের কার্যক্রম গ্রহণ ;
(খ) বিধবা ও স্বামী পরিত্যক্তা দুঃস্থ মহিলাদের ভাতা প্রদান কার্যক্রম;
১২. নারীর সমঅধিকার এবং নারী ও শিশু উন্নয়ন সংক্রান্তে বিভিন্ন আন্তর্জাতিক সংগঠন/সংস্থার সাথে যোগাযোগ রক্ষাকরণ এবং এতদসংক্রান্তে চুক্তি স্বাক্ষরকরণ
১৩. নিম্নবর্ণিত দিবস পালন :
(ক) ৮ মার্চ, আন্তর্জাতিক নারী দিবস;
(খ) অক্টোবর মাসের ১ম সোমবার বিশ্ব শিশু দিবস;
(গ) ৯ ডিসেম্বর বেগম রোকেয়া দিবস;
(ঘ) ২৯ সেপ্টেম্বর-০৫ অক্টোবর শিশু অধিকার সপ্তাহ;
১৪. (ক) বেগম রোকেয়া পদক ;
(খ) নারী ও শিশুদের জন্য জাতীয় পুরস্কার প্রদান;
১৫. বিভিন্ন মন্ত্রণালয় ও সংস্থার সাথে শিশু বিষয়ক কার্যক্রমের সমন্বয় সাধন;
১৬. শিশু বিষয়ক কার্যক্রম সংক্রান্তে ইউনিসেফ সহ সংশ্লিষ্ট অন্যান্য আন্তর্জাতিক সংগঠন/সংস্থার সাথে যোগাযোগ রক্ষাকরণ;
১৭. বিভিন্ন আন্তর্জাতিক সংগঠন/সংস্থার সাথে যোগাযোগ রক্ষাকরণ এবং মন্ত্রণালয়ের কার্যক্রম সংক্রান্তে বিষয়ে অন্যান্য দেশ ও বিশ্ব সংস্থার সাথে চুক্তি সম্পাদন;
১৮. মন্ত্রণালয়ের কার্যক্রম সম্পর্কিত বিভিন্ন জিজ্ঞাস্য ও পরিসংখ্যান প্রদান;
১৯. মন্ত্রণালয়ের কার্যক্রম সংশ্লিষ্ট সকল আইন;
২০. আদালতে গ্রহণকৃত ফি ব্যতীত মন্ত্রণালয়ের কার্যক্রম সম্পর্কিত অন্যান্য ফি ।